**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**
**সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা**
**www.ansarvdp.gov.bd**



স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.২৬-২১৮৩

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

## চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর পূর্ত নির্মাণ, মেরামত ও সংস্কার কাজের কর্মপরিধি বৃদ্ধির পাওয়ায় প্রকৌশল সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালনার স্বার্থে চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) পদে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন ভাতাদি | যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) | ০৫ (পাঁচ)-টি | i. বেতন সর্বসাকুল্যে ৩১,৫০০/- (একত্রিশ হাজার পাঁচশত) টাকা, {মূল বেতন ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা, অন্যান্য ভাতা ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা এবং ০১ (এক) ইউনিট রেশন সমপরিমাণ ভাতা ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা};<br>ii. অধিক অভিজ্ঞতাসম্পন্ন চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলীগণ সর্বসাকুল্যে বেতন-ভাতা ৩৬,৫০০/- (ছত্রিশ হাজার পাঁচশত) টাকা {মূল বেতন ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং অন্যান্য ভাতা ১৬,৫০০/- (ষোলো হাজার পাঁচশত) টাকা};<br>iii. বাৎসরিক বেতন বৃদ্ধি মূল বেতনের ৫% হারে নির্ধারিত হবে;<br>iv. মূল বেতনের সমপরিমাণ হারে ০২ (দুই)-টি উৎসব ভাতা প্রাপ্য হবেন;<br>v. মূল বেতনের ২০% (বিশ) হারে নববর্ষ ভাতা প্রাপ্য হবেন;<br>vi. প্রকৃত ভ্রমণ ভাতা অনুমোদন সাপেক্ষে প্রাপ্য হবেন এবং<br>vii. মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে মোবাইল বিল প্রাপ্য হবেন। | i. ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল) উত্তীর্ণ; তবে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/সিজিপিএ -২.৫-এর নিচে গ্রহণযোগ্য নয়;<br>ii. পূর্ত নির্মাণ, মেরামত ও ভবন সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; তবে অধিক অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন এবং<br>iii. ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ-এ প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়; তবে অধিক অভিজ্ঞতাসম্পন্নদের বয়স শিথিলযোগ্য হবে। | |

### আবেদনের শর্তাবলি ও আবেদন করার নিয়মাবলি:

(ক) সভাপতি, চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) নিয়োগ কমিটি, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার বরাবর নির্ধারিত ফর্ম-এ আবেদন করতে হবে;

(খ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখপূর্বক প্রার্থীর জীবন বৃত্তান্ত এবং সকল প্রকার সনদপত্র ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপিসহ আবেদনপত্র ডাকযোগে "রেকর্ড শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯" ঠিকানা বরাবর প্রেরণ করতে হবে অথবা সরাসরি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার প্রধান ফটক/আরপি গেইটে রক্ষিত বাক্সে জমা দিতে হবে;

(গ) আবেদনপত্রের সাথে কোন ফি জমা দিতে হবে না;

(ঘ) সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন;

(ঙ) চুক্তির মেয়াদকাল:

(১) প্রথমবার যোগদানের ক্ষেত্রে চুক্তির মেয়াদকাল যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসর হবে; যা শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে;

(২) চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) পদে চাকুরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে শিক্ষানবিশকাল ব্যতীত পরবর্তী সকল চুক্তির মেয়াদকাল ০৫ (পাঁচ) বৎসর হবে;

(৩) চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) পদে চাকুরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ চুক্তির মেয়াদ বৃদ্ধি/চুক্তি বাতিলের অধিকার সংরক্ষণ করেন;

(৪) কর্তৃপক্ষ যে কোন সময় ০২ (দুই) মাসের পূর্ব নোটিশে চুক্তিভিত্তিক নিয়োগাদেশ বাতিল করতে পারবেন, সংশ্লিষ্ট চুক্তিভিত্তিক নিয়োগকৃত ব্যক্তিকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করতে পারবেন;

(৫) চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) পদটি সম্পূর্ণরূপে একটি অস্থায়ী ও চুক্তিভিত্তিক পদ বিধায় পরবর্তীতে কোন ভাবেই এ পদটি এবং এ পদে চাকুরিরত ব্যক্তিকে স্থায়ী করা হবে না; একই সাথে চুক্তিভিত্তিক পদে চাকুরি স্থায়ীকরণের জন্য দাবি করা যাবে না;

(চ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না;

(ছ) কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ শর্তাবলি সংশোধন ও পরিবর্তন এবং এই নিয়োগ কার্যক্রম স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

(জ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ বিকাল ১৬০০ ঘটিকা;

(ঝ) নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গৃহীত হবে না;

(ঞ) আবেদনকারীকে মোবাইলে এসএমএস-এর মাধ্যমে অথবা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইটে (www.ansarvdp.gov.bd) পরীক্ষার স্থান ও সময়সূচি জানানো হবে;

(ট) **শুধু মৌখিক পরীক্ষার মাধ্যমে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে;**

(ঠ) প্রাপ্ত আবেদনের মধ্যে থেকে সীমিত সংখ্যক প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে;

(ড) প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষা সনদ, অভিজ্ঞতা সনদ, জাতীয়তা ও নাগরিকত্ব সনদের মূলকপি সঙ্গে আনতে হবে;

(ঢ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কর্তৃপক্ষ নিয়োগের শর্তাবলি পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করতে পারবেন;

(ণ) সংশ্লিষ্ট চুক্তিভিত্তিক কর্মচারী চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) হিসাবে দায়িত্ব পালনে অনাগ্রহী হলে ০২ (দুই) মাসের আগাম নোটিশ প্রদানপূর্বক কর্তৃপক্ষকে অবহিত করে দায়িত্ব থেকে অব্যাহতি নিতে পারবেন;

(ত) চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) হিসাবে নিয়োজিত থাকাকালীন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ছাড়া অন্য কোন সংস্থায় চাকুরি করা যাবে না বা এ বাহিনী বা অন্যত্র ব্যবসা করা যাবে না;

(থ) নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থীর আবেদনে প্রদত্ত কোন তথ্য ভুল প্রমাণিত হলে কিংবা প্রার্থী কোন ভুয়া/অসত্য তথ্য দাখিল করলে তার আবেদনপত্র/নিয়োগ বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

(ন) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবেন না;

(প) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯/০৯/২০২৬

সহকারী পরিচালক (রেকর্ড) ও
সদস্য সচিব
চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল) নিয়োগ কমিটি
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

# চাকুরির আবেদন ফরম
(প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত ছবি

ছবির অপর পৃষ্ঠায় প্রার্থীকে স্বহস্তে নিজের নাম বাংলায় লিখতে হবে।

পদের নাম: চুক্তিভিত্তিক উপসহকারী প্রকৌশলী (সিভিল)

১। আবেদনকারীর পূর্ণনাম (বাংলায়) :

(ইংরেজিতে) :

২। পিতার নাম :

৩। মাতার নাম :

৪। স্থায়ী ঠিকানা :

৫। বর্তমান ঠিকানা :

৬। ধর্ম :

৭। জাতীয়তা :

৮। এনআইডি নং :

৯। জন্ম তারিখ :
(এসএসসি/সমমানের সনদ অনুযায়ী

১০। ০৮/০৯/২০২৬ খ্রি. তারিখে বয়স :

১১। নিজ জেলা :

১২। বৈবাহিক অবস্থা :

১৩। উচ্চতা :

১৪। মোবাইল নম্বর :

১৫। শিক্ষাগত যোগ্যতা :

| ক্রম | পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণি/জিপিএ | পঠিত বিষয় | বোর্ড/বিশ্ববিদ্যালয় | সার্টিফিকেট/ডিগ্রি অর্জনের বছর |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |
| ৪. | | | | | | |

১৬। প্রাক্তন ও বর্তমান চাকুরির কালানুক্রমিক বিবরণ (শুধু প্রযোজ্য ক্ষেত্রে)

| ক্রম | নিয়োগকারী কর্তৃপক্ষ | চাকুরির/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরি পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |

১৭। নিকট আত্মীয়-স্বজনের কেহ, অর্থাৎ ভাই, ভগ্নি, আপন চাচা, শ্বশুরের দিকের নিকট আত্মীয়-স্বজন বাংলাদেশ সরকারের চাকুরিতে (সামরিক/বেসামরিক) থাকিলে, পদের নাম ও কর্মস্থল উল্লেখপূর্বক পূর্ণ বিবরণ (০২ জন):

| নাম, পদবি, কর্মস্থল ও মোবাইল নম্বর | নাম, পদবি, কর্মস্থল ও মোবাইল নম্বর |
|---|---|
| | |

আমি এই মর্মে শপথ করছি যে, একজন প্রার্থী হিসাবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি এবং তা সঠিক। যদি কোন তথ্য গোপন অথবা মিথ্যা তথ্য প্রদান করে থাকি, যা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হলে নিয়োগের ক্ষেত্রে আমি অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। মৌখিক পরীক্ষায় সময় আমার সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা সনদ, অভিজ্ঞতা সনদের মূলকপি প্রয়োজনীয় চাহিত কাগজপত্র অবশ্যই প্রদর্শন করবো।

............................ ............................................

তরিখি আবেদনকারীর স্বাক্ষর